

মোঃ এহছানে এলাহী
চেয়ারম্যান (গ্রেড-১)
বিসিআইসি

সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ এহছানে এলাহী সচিব পদমর্যাদায় বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) চেয়ারম্যান (গ্রেড-১) হিসেবে গত ২১ জানুয়ারী, ২০২১ ইং তারিখ যোগদান করেছেন। জনাব মোঃ এহছানে এলাহী ১৯৯১ সালে বিসিএস প্রশাসন ক্যাডারে (দশম বিসিএস) সহকারী কমিশনার ও ৩য় শ্রেণির মেজিস্ট্রেট হিসেবে নীলফামারী জেলায় প্রথম যোগদানের পর সেখানে প্রথম শ্রেণির মেজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯৪ সালে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নীলফামারী সদরে দায়িত্ব পালন করে ১৯৯৫ সালে সহকারী সচিব হিসেবে পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি'তে যোগদান করেন। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী সচিব হিসেবে ১৯৯৬ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত তৎকালীন জাতীয় সংসদের স্পীকার মরহুম হুমায়ুন রশিদ চৌধুরীর তত্ত্বাবধানে ডেলিগেশন শাখার দায়িত্বে থেকে আইপিইউ ও সিপিএ'র যাবতীয় কাজসহ সকল প্রটোকল ব্যবস্থাপনা দেখেন। পরবর্তীতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সচিবের পিএস হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৬-২০০৮ সাল উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর উপজেলার দায়িত্ব পালন করেন। ২০০৮-২০১৩ সাল পর্যন্ত অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ), জেলা প্রশাসকের কার্যালয় চট্টগ্রামে দায়িত্ব পালন করেন। অতিরিক্ত জেলা প্রশাসক থাকা অবস্থায় উপসচিব হিসেবে পদোন্নতি পান। ২০১৩ সালের শেষের দিকে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের 'চীফ এস্টেট অফিসার' হিসেবে দায়িত্ব পালন করে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে 'বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্টের' পরিচালক হিসেবে কিছুদিন কাজ করেন। তারপর ২০১৩ সালের জুন থেকে ডিসেম্বর পর্যন্ত রাজউকের সচিব ও পরিচালক (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন শেষ করে ২০১৪ সালের জানুয়ারি মাসে গাইবান্ধা জেলার জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন। জেলা প্রশাসক থাকা অবস্থায় বাংলাদেশ সরকারের যুগ্মসচিব হিসেবে পদোন্নতি পান এবং পূর্ণ দেড় বছর জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন শেষ করে ০১ জুলাই ২০১৫ তারিখে বাংলাদেশ সরকারের যুগ্মসচিব হিসেবে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে যোগদান করেন। জনাব মোঃ এহছানে এলাহী বিসিআইসিতে যোগদানের পূর্বে অতিরিক্ত সচিব পদে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ এহছানে এলাহী মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮০ সালে কৃতিত্বের সাথে এসএসসি পরীক্ষা পাশ করেন। ১৯৮২ সালে সিলেট সরকারি কলেজ (বর্তমানে এমসি কলেজ, সিলেট) থেকে কৃতিত্বের সাথে এইচএসসি পরীক্ষায় পাশ করার পর ১৯৮২-৮৩ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগে বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি হন। ১৯৮৫ সালে বিএসসি (সম্মান) এবং ১৯৮৬ সালে এমএসসি পাশ করেন। পরবর্তীতে ২০০৫-২০০৬ সালে একটি স্কলারশীপ নিয়ে লন্ডন ইউনিভার্সিটির অধীনে MS (PH) ডিগ্রি লাভ করেন।

বর্নাত্য জীবনের অধিকারী এ কর্মকর্তা দেশে-বিদেশে বহু প্রশিক্ষণ গ্রহণ করেন। বিশেষ করে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ও শিক্ষা সফরে বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসেবে যোগদান করেন। তিনি ভারত, থাইল্যান্ড, সিংগাপুর, মালয়েশিয়া, লাওস, যুক্তরাজ্য, জার্মানী, কানাডা, ফ্রান্স, বেলজিয়াম, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, শ্রীলঙ্কা, নেপাল এবং ইউএসএসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। এছাড়াও তিনি অনেকগুলো সামাজিক, শিক্ষা, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক কর্মকান্ডের সাথে ওতপ্রতোভাবে জড়িত আছেন।

জনাব মোঃ এহছানে এলাহী সিলেট জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি পারিবারিক জীবনে এক পুত্র ও এক কন্যা সন্তানের গর্বিত জনক।